৪. বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি? কুন্দনন্দিনীর স্বামীর নাম লেখো। 'বিষবৃক্ষ' উপন্যাসটি কত সলে প্রকাশিত হয়েছিল? সূর্যমুখী ও কুন্দনন্দিনীর তুলনামূলক বিশ্লেষণ করে উপন্যাসে চরিত্রদুটির উপযোগিতা বিচার করো। ১+১+১২=১৪

গ-গুচ্ছ

৫. 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসটি হিন্দিতে প্রথম কে এবং কত সালে অনুবাদ করেন? এই উপন্যাসে ঔপন্যাসিকের সমাজ ও রাজনীতি-ভাবনার পরিচয় দাও। ২+১২=১৪

৬. সতীনাথ ভাদুড়ীর জন্ম কবে, কোথায়? 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে নারীচরিত্রগুলির অবস্থান ও গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ২+১২=১৪

ঘ-গুচ্ছ

৭. তোমার পাঠ্য উপন্যাসটি ব্যতিরেকে মানিক বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি উপন্যাসের নামোল্লেখ করো। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের শশী চরিত্রটি আলোচনা করো। ২+১২=১৪

৮. 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের প্রকাশকাল উল্লেখ করো। মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসবীক্ষার পরিচয় দাও। ১+১৩=১৪

ঙ-গুচ্ছ

৯. 'পাঠ্য' উপন্যাসটি ব্যতিরেকে শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো। ঐতিহাসিক উপন্যাস হিসেবে 'তুঙ্গভদ্রার তীরে' কতটা সার্থক— আলোচনা করো। ২+১২=১৪

১০. 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসটি কাকে উৎসর্গীকৃত? এটি কত সালে ছাপা হয়েছিল? উক্ত উপন্যাসটিকে কেন্দ্র করে শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের মুন্সিয়ানা বিশদে আলোচনা করো। ১+১+১২=১৪

****

PG Odd Semester Examination, 2022

BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-304 (G)

(কথা সাহিত্য-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. 'বাংলা উপন্যাস ও তার আধুনিকতা' বইটি কার লেখা? ''উপন্যাসের আখ্যান, ঘটনাক্রম, কুশীলবদের উপস্থাপনা এবং রচনাশৈলী— সমস্ত কিছুতে লক্ষ করা যায় সময়ের মোহর।"— উপন্যাসের সময় ও পরিসর আলোচনা করে মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১৩=১৪

২. বাংলা সাহিত্যে প্রথম শিল্প-সার্থক উপন্যাস কোনটি? ''উপন্যাস মূলত আখ্যান। এই আখ্যান জীবনের আবার পরাজীবনেরও। আরো বলা যায়, যতখানি চেতনার ততটা অবচেতনার। গতি ও স্থিতির দ্বিবাচনিকতা এতে নানাভাবে প্রতিবিম্বিত হয়ে থাকে।"— বিষয়টি বিশ্লেষণ করো। ১+১৩=১৪

খ-গুচ্ছ

৩. 'বিষবৃক্ষ' উপন্যাসে মোট কয়টি পরিচ্ছেদ রয়েছে? উপন্যাসের প্রথম ও অন্তিম পরিচ্ছেদের নাম লেখো। 'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণের মাঝেই রয়ে গেছে ঔপন্যাসিকের নিজস্ব অভিব্যক্তি।— আলোচনা করে বিষয়টি স্পষ্ট করো। ১+২+১১=১৪